

■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৪৭

১০/ কাফন-দাফন (كتاب الجنائز عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ কবরে মৃত ব্যক্তির নীচে একটি কাপড় বিছিয়ে দেওয়া।

بَابٌ مَا جَاءَ فِي التَّوْبِ الْوَاحِدِ يُلْقَى تَحْتَ الْمَيِّتِ فِي الْقَبْرِ

আরবী

حَدَّثَنَا زَيْدُ بْنُ أَخْزَمَ الطَّائِيُّ الْبَصْرِيُّ، حَدَّثَنَا عُثْمَانُ بْنُ فَرْقَدٍ، قَالَ سَمِعْتُ جَعْفَرَ بْنَ مُحَمَّدٍ، عَنْ أَبِيهِ، قَالَ الَّذِي أَلْحَدَ قَبْرَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَبُو طَلْحَةَ وَالَّذِي أَلْقَى الْقَطِيفَةَ تَحْتَهُ شُقْرَانُ مَوْلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . قَالَ جَعْفَرٌ وَأَخْبَرَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ أَبِي رَافِعٍ قَالَ سَمِعْتُ شُقْرَانَ يَقُولُ أَنَا وَاللَّهُ طَرَحْتُ الْقَطِيفَةَ تَحْتَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْقَبْرِ . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ شُقْرَانَ حَدِيثُ حَسَنٍ غَرِيبٌ . وَرَوَى عَلِيُّ بْنُ الْمَدِينِيِّ عَنْ عُثْمَانَ بْنِ فَرْقَدٍ هَذَا الْحَدِيثَ .

বাংলা

১০৪৭. যায়দ ইবনু আখযাম আত-তাও (রহঃ) উচ্মান ইবনু ফারকাদ (রহঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন, আমি জাফার ইবনু মুহাম্মাদ (রহঃ) কে তাঁর পিতা মুহাম্মাদ (রহঃ) এর সূত্রে রিওয়ায়াত করতে শুনেছি যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কবরের 'লাহদ' কেটেছিলেন আবু তালহা রাদিয়াল্লাহু আনহু আর তাঁর নীচে একটি চাঁদর রেখেছিলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আযাদকৃত দাস শুকরান রাদিয়াল্লাহু আনহু। জাফার (রহঃ) বলেন, আমাকে 'ইবনু রাফি' বলেছেন যে, আমি শুকরান রাদিয়াল্লাহু আনহু কে বলতে শুনেছি, আল্লাহর কসম, কবরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নীচে আমিই একটি চাঁদর বিছিয়ে দিয়েছিলাম। - তিরমিজী হাদিস নম্বরঃ ১০৪৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু আবাস রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবু সেসা (রহঃ) বলেন, শুকরান রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি হাসান-গারীব। আলী ইবনুল মাদানী (রহঃ)ও এই হাদিস উচ্মান ইবনু ফারকাদ (রহঃ) এর বরাতে বর্ণনা করেছেন।

English

Ja'far bin Muhammad narrated that:

His father said: "The one who made the Lahd in the grave of the Messenger of Allah was Abu Talhah. And the one who placed the velvet cloth under him was Shuqrana freed slave of Messenger of Allah."

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=18236>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন